২০ সেপ্টেম্বর ২০১৮

# নানা মহলের আপত্তি সত্ত্বেও ডিজিটাল নিরাপত্তা আইন পাস: আইন ও সালিশ কেন্দ্র (আসক) এর উদ্বেগ

বিতর্কিত তথ্য ও যোগাযোগপ্রযুক্তি আইন (২০০৬) এর ৫৭ ধারার বিষয়গুলো রেখে ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ জাতীয় সংসদে পাস করায় আইন ও সালিশ কেন্দ্র (আসক) গভীর উদ্বেগ প্রকাশ করছে।

গণমাধ্যমসূত্রে জানা যায়, গতকাল (১৯ সেপ্টেম্বর ২০১৮) জাতীয় সংসদে ডিজিটাল নিরাপত্তা আইন জাতীয় সংসদে পাস হয়েছে। এ আইনে বলা হয়েছে- তথ্য ও যোগাযোগপ্রযুক্তি আইনের বিতর্কিত ৫৭ ধারা বাতিল হবে। কিন্তু আসক উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, ওই আইনের বিতর্কিত ৫৭ ধারায় উল্লেখিত মতপ্রকাশের অধিকারকে সংকুচিত করার বিভিন্ন দিক ডিজিটাল নিরাপত্তা আইনেও সন্নিবেশিত রেখে আইনটি পাস করা হয়েছে। যেমন- ডিজিটাল মাধ্যমে আক্রমণাত্মক, মিথ্যা বা ভীতি প্রদর্শক, তথ্য-উপাত্ত প্রকাশ; মানহানিকর তথ্য প্রকাশ; ধর্মী অনুভুতিতে আঘাত, অনুমতি ছাড়া ব্যক্তি তথ্য সংগ্রহ ও ব্যবহার ইত্যাদি বিষয়ে জেল-জরিমানার বিধান রাখা হয়েছে। এ কারণে আইনটি জাতীয় সংসদে উত্থাপনের আগে মন্ত্রিপরিষদে উত্থাপনের পর থেকেই উল্লেখিত বিধানাবলি বাতিল করার জন্য আইন ও সালিশ কেন্দ্র (আসক) সহ বিভিন্ন নাগরিক ও মানবাধিকার সংগঠনগুলো দাবি জানিয়ে আসছিলো।

আইন ও সালিশ কেন্দ্র (আসক) মনে করে, ডিজিটাল নিরাপত্তা আইনের ৩২ ধারায় সন্নিবেশিত বিধানাবলী সংবিধানের মূল চেতনা, বিশেষ করে মুক্ত চিন্তা, বাক স্বাধীনতা, মতপ্রকাশের স্বাধীনতা ও গণমাধ্যমের স্বাধীনতাকে বাধাগ্রস্ত হওয়ার আশঙ্কা তৈরি হবে।

আসক একটি মানবাধিকার ও আইনগত সহায়তা কেন্দ্র
Ain o Salish Kendra (ASK) is a human rights and legal aid resource centre in consultative status with UNECOSOC
7/17, Block-B, Lalmatia, Dhaka-1207, Bangladesh, P.O. Box: 3252, Tel: +880-2-8100192, 8100195, 8100197, Fax: +880-2-8100187
Email: ask@citechco.net, Website: www.askbd.org